

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৬২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মানুষের মধ্যে পরিবর্তন আসা

الفصل الاول (باب تغير النَّاس)

আরবী

وَعَن مرداس الْأَسْلَمِيّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَذْهَبُ الصَّالِحُونَ الْأَوَّلُ فَالْأَوَّلُ وَتَبْقَى حُفَالَةٌ كَحُفَالَةِ الشَّعِيرِ أَوِ التَّمْرِ لَا يُبَالِيهِمُ اللَّهُ بالةً» . رَوَاهُ البُخَارِيّ الْأَوَّلُ فَالْأَوَّلُ وَتَبْقَى حُفَالَةٌ كَحُفَالَةِ الشَّعِيرِ أَوِ التَّمْرِ لَا يُبَالِيهِمُ اللَّهُ بالةً» . رَوَاهُ البُخَارِيّ

رواه البخارى (4156) ـ

বাংলা

৫৩৬২-[৩] মিরদাস আল আসলামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ভালো ও সৎ লোকেরা (পর্যায়ক্রমে) একের পর এক চলে যাবে। অতঃপর অবশিষ্টরা যব অথবা খেজুরের নিকৃষ্ট চিটার মতো থেকে যাবে। আল্লাহ তা'আলা তাদের প্রতি কোন গুরুত্ব দিবেন না। (বুখারী)

ফুটনোট

সহীহ বুখারী ৬৪৩৪, সহীহুল জামি ৮০৭৮, সিলসিলাতুস সহীহাহ ২৯৯৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৫২৫৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭১০৩, আল মু'জামুল আওসাত্ব ২৬৭৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২০৮৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَذْهَبُ الصَّالِحُونَ الْأُوَّلُ) নেককার বান্দারা একের পর এক মৃত্যুবরণ করবে। (خُفَالَةٌ) নিকৃষ্ট বা নিম্নমানের লোকেরা অবশিষ্ট থাকবে।

(لَا يُبَالِيهِمُ اللَّهُ بِاللَّهِ) আল্লাহ তা'আলা তাদের কোন পরোয়াই করবেন না। তাদের মর্যাদাকে বাড়িয়েও দিবেন না



এবং তাদের 'আমলকে ওজনও করবেন না। (ফাতহুল বারী ১১/৬৪৩৪, মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মিরদাস আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন